

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৭৭

১৪. মানত ও শপথ অধ্যায় (كتاب النذور والأيمان)

পরিচ্ছেদঃ ৩. আল্লাহর অবাধ্যতামূলক বিষয়ে কোনো মানত মানা যাবে না

بَابُ لَا نَذَرَ فِي مَعْصِيَةِ اللَّهِ

আরবী

حَدَّثَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنَا مَالِكٌ عَنْ طَلْحَةَ بْنِ عَبْدِ الْمَلِكِ الْأَيْلِيِّ عَنْ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ عَنْ عَائِشَةَ قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ نَذَرَ أَنْ يَطِيعَ اللَّهَ فَلْيُطِعْهُ وَمَنْ نَذَرَ أَنْ يَعْصِيَ اللَّهَ فَلَا يَعْصِيهِ

বাংলা

২৩৭৭. আয়িশা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে ব্যক্তি মানত করলো যে, সে আল্লাহর আনুগত্য করবে, তবে সে যেন তাঁর আনুগত্য করে; আর যে ব্যক্তি মানত করলো যে, সে আল্লাহর অবাধ্যতা করবে, সে যেন তাঁর অবাধ্যতা না করে।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: মালিক, নুযুর ৮ সহীহ সনদে; বুখারী, আইমান ওয়ান নুযূর ৬৭০০;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪৮৬৩ ও সহীহ ইবনু হিব্বান নং ৪৩৮৭, ৪৩৮৮, ৪৩৮৯, ৪৩৯০ তে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82660>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন